রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জানুয়ারি ১৩, ২০০৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(শুল্ক)

প্রজ্ঞাপন

তারিখ, ৩০শে পৌষ ১৪০৯/১৩ই জানুয়ারি ২০০৩

নং **এস, আর, ও ১২-আইন/২০০৩/১৯৮৪/শুল্ক**।—Customs Act, 1969 (IV of 1969) এর section 19(1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, অত্র বিভাগের ৫ই আষাঢ়, ১৪০৯ বাংলা/১৯শে জুন, ২০০২ ইংরেজী তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ১৫৬-আইন/২০০২/১৯৫৯/শুল্ক এর নিম্নরূপ সংশোধন করিল, যথা ঃ—

উপরি-উক্ত প্রজ্ঞাপন এর শর্তসমূহের—

(ক) শর্ত (ক) এর পরিবর্তে নিম্নরূপ শর্ত (ক) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ

"(ক) আমদানিকারককে অবশ্যই পশু সম্পদ অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত পোল্ট্রি বা গবাদি পশু প্রতিষ্ঠান (Dairy Farm) অথবা Animal Health Company হইতে হইবে;";

(খ) শর্ত (খ) এর পর নিম্নরূপ নতুন শর্ত (খখ) সন্নিবেশিত হইবে, যথা ঃ

"(খখ) Animal Health Company কর্তৃক আমদানির ক্ষেত্রে সংশ্লিষ্ট পোল্ট্রি অথবা গবাদি পশু প্রতিষ্ঠানসমূহের বাৎসরিক চাহিদার পরিমাণ যথাযথভাবে নিরূপণ করতঃ পশু সম্পদ অধিদপ্তর উক্ত পরিমাণ আমদানির জন্য Animal Health Company এর অনুকূলে ছাড়পত্র প্রদান করিবে এবং উক্ত ছাড়পত্র আমদানিকারক কর্তৃক সংশ্লিষ্ট শুল্ক কমিশনার বরাবরে দাখিল করিতে হইবে;";



মূল্য ঃ টাকা ১.০০

(গ) শর্ত (ঘ) এর পর নিম্নরূপ নতুন শর্ত (ঘঘ) সন্নিবেশিত হইবে, যথা ঃ

"(ঘঘ) পোল্ট্রি অথবা গবাদি পশু প্রতিষ্ঠান কর্তৃক আমদানিকৃত পণ্য সঠিকভাবে ব্যবহৃত হইয়াছে কিনা এবং Animal Health Company কর্তৃক আমদানিকৃত পণ্য সংশ্লিষ্ট পোল্ট্রি অথবা গবাদি পশু প্রতিষ্ঠানের নিকট সরবরাহ করা হইয়াছে কিনা তাহা পশু সম্পদ অধিদপ্তর মনিটর করিবে;"।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মনযুর মান্নান
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)।

শেখ মোঃ মোবারক হোসেন, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।